প্রথম আলো

বুধবার

১১ নভেম্বর ২০২৬, ২৬ কার্তিক ১৪৩৩, ৩০ জমাদিউল আউয়াল ১৪৪৮

মার্কেন্টাইল ব্যাংক পিএলসি

ধানমন্ডি শাখা, ঢাকা।

অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ১২ (৩) ধারা অনুযায়ী

বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, ধানমন্ডি শাখা, ঢাকা এর খেলাপী ঋণ গ্রহিতা বি আলম ব্রাদার্স লিঃ, যার ব্যবস্থাপনা পরিচালক জনাব সৈয়দ বদরুল আলম, পিতা : সৈয়দ জাফর আলী, গ্রাম : কলাডেমা, থানা : কোতোয়ালী, জেলা : বরিশাল, ব্যবসায়িক ঠিকানা : বাড়ীর নং-৪১৪, রোড নং-০৭, ডিওএইচএস, বারিধারা, ঢাকা এর নিকট হইতে ৩০/১০/২০২৬ ইং তারিখ পর্যন্ত সুদাসল ও অন্যান্য খরচসহ অত্র ব্যাংকের মোট পাওনা টাকা ১৮,১৭,৯৪,৬০৩.৯৬/- (আঠারো কোটি সতের লক্ষ চুরানব্বই হাজার ন্নয়শত তিন টাকা ছিয়ানব্বই পয়সা) মাত্র এবং আদায় কালতক সুদ ও অন্যান্য পাওনা আদায়ের নিমিত্তে খেলাপী ঋণ গ্রহিতা বি আলম ব্রাদার্স লিঃ ঋণের বিপরীতে ১) সৈয়দ বদরুল আলম, ২) মোঃ আবদুল ওয়াদুদ, ৩) ইসরাত জাহান, ৪) স্কোয়াড্রন লীডার (অব.) মীর ফজলুর রহমান কর্তৃক অত্র ব্যাংকের অনুকূলে বন্ধকীকৃত ও আম-মোক্তার নামা দলিলবলে বিক্রয়ের ক্ষমতা প্রাপ্ত নিম্ন তফসিল বর্ণিত ভূমি নিলাম বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট নিম্ন বর্ণিত শর্তাধীনে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী

১. আগ্রহী দরদাতাগণকে তার বা তাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে আগামী ০৩/১২/২০২৬ ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, প্রস্তুত দর অংকে ও কথায় লিখিয়া দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর 'সম্পত্তি ক্রয়ের দরপত্র' লিখিয়া অত্র শাখায় রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দিতে হবে এবং ঐ দিন বিকাল ৩ :৩০ ঘটিকায় ব্যাংক কর্তৃপক্ষ দরদাতা বা তার/তাদের প্রতিনিধিদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খুলবেন। রেজিষ্ট্রিকৃত ডাকে প্রেরিত দরপত্র উক্ত তারিখে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌছাতে হবে। দরপত্রে দরদাতার নাম, পিতা/মাতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন নং কোম্পানী/কার্যের ক্ষেত্রে তার নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা উল্লেখ করতে হবে। দরপত্রের সাথে দরদাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

২. প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব দশ লক্ষ টাকা হলে উহার ২০%, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর পঞ্চাশ লক্ষ টাকার অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি., ধানমন্ডি শাখা, ঢাকা-এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে। পৃথক পৃথক তফসিলের জন্য পৃথক পৃথক ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করা যাবে।

৩. অনূর্ধ্ব দশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং পঞ্চাশ লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৪. উপরোক্ত অনুচ্ছেদ-৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্তকৃত হলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং ২য় সর্বোচ্চ দরদাতার উদ্ধৃত মূল্য একত্রে সর্বোচ্চ দরদাতার উদ্ধৃত মূল্য অপেক্ষা কম না হলে কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি খরিদ করতে আহ্বান করতে পারবেন। ২য় সর্বোচ্চ দরদাতাকে অনুচ্ছেদ-৩ এ বর্ণিত সময়ের মধ্যে উদ্ধৃত দরের সমুদয় অর্থ পরিশোধ করতে হইবে অন্যথায় ব্যাংক ২য় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৫. আগ্রহী দরদাতাগণ দরপত্র প্রদানের পূর্বে সংশ্লিষ্ট শাখায় রক্ষিত তফসিল বর্ণিত সম্পত্তির মালিকানা সংক্রান্ত দলিলাদি যাচাই বাছাই করিতে পারবেন। দরপত্র দাখিলের পর মালিকানা বিষয়ক কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৬. মার্কেন্টাইল ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোনো দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করেন। পৃথক পৃথক তফসিলের জন্য পৃথক পৃথক দরপত্র দাখিল করা যাবে।

৭. কৃতকার্য দরদাতাকে সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচসহ ট্যাক্স ও অন্যান্য খরচাদি (সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার পাওনা) বহন করতে হবে।

৮. দরপত্র জমা দেওয়ার পরে বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, প্রকৃতি, অবস্থান ও স্বত্বের দলিলপত্র সম্পর্কে দরদাতার কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৯. সফল দরদাতাকে অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ এবং পরবর্তী সংশোধনী আইন, ২০০৪ মোতাবেক দখল প্রদান বা বুঝাইয়া দেওয়া হইবে।

১০. প্রয়োজনে নিলাম ক্রেতার অনুকূলে দখল হস্তান্তরের জন্য স্থানীয় অধিক্ষেত্রের জেলা ম্যাজিস্ট্রেটের মাধ্যমে আইনানুগ সহযোগিতা প্রদান করা হইবে। দখল সংক্রান্ত যাবতীয় খরচ নিলাম ক্রেতাকেই বহন করিতে হইবে।

বন্ধকী সম্পত্তির তফসিলসমূহ

ক) (১) জেলা বরিশাল ষ্টেশন ও সাব- রেজিস্ট্রী অফিসের কোতয়ালী মোতাবেক হাল ২৫ নং তৌজীর অধীন জে,এল. ০৫ নং কলাডেমা চহঠা মৌজায় এস, এ, ৩৩২ নং খতিয়ান, হাল ১৮৪৬ নং দাগে ৫৩ শতাংশ ভূমি-মাত্র মাঠ জরীপের ডি,পি, ১১৩৭ নং খতিয়ানের জরিপী ডি,পি ১৬২৭ নং দাগে অবস্থিত। (২) জেলা বরিশাল ষ্টেশন ও সাব- রেজিস্ট্রী অফিসের কোতয়ালী মোতাবেক হাল ২৫ নং তৌজীর অধীন জে,এল. ০৫ নং কলাডেমা চহঠা মৌজায় বর্তমান মাঠ জরীপের ডি,পি, ১৯২৩ নং খতিয়ান, এস, এ, ১৪৪৪/১৪৪৬ নং দাগ তথা বর্তমান জরীপের ৩০৪৫ নং দাগের ভূমি হইতে ৩০.৫০ শতাংশ ভূমি। (৩) জেলা বরিশাল ষ্টেশন ও সাব- রেজিস্ট্রী অফিসের কোতয়ালী মোতাবেক হাল ২৫ নং তৌজীর অধীন জে.এল. ০৫ নং কলাডেমা চহঠা মৌজায় ডি,পি ১৯০২ নং খতিয়ান মোট জমি ৩৬ শতাংশ এস,এ ১৪২৮ নং দাগ তথা বর্তমান জরীপের ৩০১০ দাগের জমি হইতে ১০ শতাংশ ভূমি। (৪) জেলা বরিশাল ষ্টেশন ও সাব- রেজিস্ট্রী অফিসের কোতয়ালী মোতাবেক হাল ২৫ নং তৌজীর অধীন জে.এল. ০৫ নং কলাডেমা চহঠা মৌজায় ডি,পি ১৯৪০ নং খতিয়ান মোট জমি ২০ শতাংশ এস,এ ১৫০৪ নং দাগ তথা বর্তমান জরীপের ৩০৬৮ নং দাগের জমি হইতে ০৮ শতাংশ ভূমি। সব মিলিয়ে একুনে ১০১.৫০ শতাংশ জমি।

খ) ১) জেলা বরিশাল ষ্টেশন ও সাব- রেজিস্ট্রী অফিসের কোতয়ালী মোতাবেক হাল ২৫ নং তৌজীর অধীন জে,এল. ০৫ নং কলাডেমা চহঠা মৌজায় এস,এ, ১২৪৯/১২৫০/২৬৯/১১২/১২৩৩ নং খতিয়ানের হাল ১৯৯৩,১৯১৪, ১৯৯২ নং দাগের জমি হইতে ৯৩ শতাংশ ভূমি বর্তমান মাঠ জরিপে ডি,পি, ২০১৯ নং খতিয়ানের জরীপের নতুন ২২৬৫, ২২৭০ ও ২২৬৪ নং দাগে মোট ৯৩ শতাংশ ভূমি। ২) জেলা বরিশাল ষ্টেশন ও সাব- রেজিস্ট্রী অফিসের কোতয়ালী মোতাবেক হাল ২৫ নং তৌজীর অধীন জে.এল. ০৫ নং কলাডেমা চহঠা মৌজায় এস, এ ১৭২ নং খতিয়ানে ১৪২৮ নং দাগের জমি হইতে ১৫ শতাংশ ভূমি।

গ) ১) জেলা-ঢাকা, থানা ও সাব- রেজিস্ট্রী অফিস মোহাম্মদপুর, ঢাকা কালেক্টরীর তৌজীভুক্ত জে, এল, নং ২৪০, মৌজা রামচন্দ্রপুর, খতিয়ান নং ৫৫/২, দাগ নং ৫৯২/৭৪০, খতিয়ান নং ২১৭,২১৭/২,২১৭/৩, দাগ নং ৫৯৫, খতিয়ান নং ৪৭, দাগ নং ৫৯৩, খতিয়ান নং ৪৭৪, দাগ-নং ৫৯৪-এ ২ (দুই) কাঠা নাল জমি।

(২) জেলা - ঢাকা, থানা ও সাব-রেজিস্ট্রী অফিস মোহাম্মদপুর, ঢাকা কালেক্টরীর তৌজীভুক্ত জে, এল, নং ২৪০, মৌজা রামচন্দ্রপুরস্থিত খতিয়ান নং ৫৫/২, দাগ নং ৫৯২/৭৪০, খতিয়ান নং ২১৭, ২১৭/২ ও ২১৭/৩, দাগ নং ৫৯৫, খতিয়ান নং ৪৭, দাগ নং ৫৯৩, খতিয়ান নং ৪৭৪, দাগ নং ৫৯৪- এ ২ (দুই) কাঠা নাল জমি। উভয় তফসিলে মোট ৪ (চার) কাঠা ভূমি।

ঘ) জেলা- ঢাকা সদর ঢাকা ক্যান্টনমেন্ট থানার অধীন সাব-রেজিস্ট্রী অফিস গুলশান, ঢাকার আওতাভুক্ত ঢাকা সেনানিবাসস্থ বারিধারা ডিওএইচএস এর সার্ভে নং-১২/১, প্লট নং ৪১৪ মোট ভূমি ৪০০.০০ বর্গগজ অর্থাৎ ৫ কাঠা জমিতে নির্মিত বাড়ীর ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ তলার ফ্লোর বা ফ্ল্যাট সমূহ ও নীচ তলায় ৬টি গাড়ী পার্কিং।

ঙ) জেলা- বরিশাল, থানা ও সাব-রেজিস্ট্রী অফিস-বরিশাল সদর অধীন মৌজা কলাডেমা চহঠা জে, এল, নং-৫, এস,এ, খতিয়ান নং-৩৩৩, ৩২৭,৩২৬, আর,এস, খতিয়ান নং-২৭৬, ১৮৮৬, ১৮৭৪, আর, এস, নামজারী খতিয়ান নং-৩৬৭২ (নতুন), এস,এ, আর, এস, ও আর, এস, নামজারী দাগ নং-১৪৪৫, ১৪৪৭, ১৪৪৮, ১৪৫০, ১৪৪৩, ১৫১৫- এ মোট সম্পত্তি ৯৪ শতাংশ ইহার কাতে ৪০.৮৪ শতাংশ।

পক্ষে : সিনিয়র ভাইস প্রেসিডেন্ট এবং শাখা প্রধান, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি ধানমন্ডি শাখা, ঢাকা। ঠিকানা : সীমান্তসম, বাড়ী নং-০৩, রোড নং-১৬ (নতুন), ২৭ (পুরাতন) ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা। ফোন নং- ৪১০২১৬৬৩, ৪৮১২১৫৫০, ৮৮০৯৬৭৮১৪২১০২, ০১৭১৩-১৯৯৮২৭